

Total number of printed pages-7

63/1 (SEM-4) CC8/BENHC4086

2025

BENGALI

Paper : BENHC4086

(Rabindra Literature-I)

Full Marks : 80

Pass Marks : 32

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তর নির্বাচন করো (যেকোনো ছয়টি) : ১×৬=৬

(ক) “অস্তর মাঝে তুমি শুধু একা একাকী

তুমি অস্তরবাসিনী”

কোন কবিতার অংশ?

(i) দুঃসময়

(ii) শাজাহান

(iii) চিত্রা

(iv) যেতে নাহি দিব

(খ) “চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথা নাই”

কোন কবিতার অংশ?

(i) শাজাহান

(ii) চিত্রা

(iii) সোনার তরী

(iv) যেতে নাহি দিব

(গ) ‘যেতে নাহি দিব’— কবিতায় কোন মাসের উল্লেখ আছে?

(i) আশ্বিন

(ii) মাঘ

(iii) বৈশাখ

(iv) কার্তিক

(ঘ) ‘যেতে নাহি দিব’ কবিতাটিতে কার কর্মস্থলে ফেরা নিয়ে আলোচনা করা হয়েছে?

(i) মামা

(ii) কাকা

(iii) বাবা

(iv) দাদা

(ঙ) ‘মুক্তধারা’ নাটকটির রবীন্দ্রনাথ ঠাকুররচিত ইংরেজী অনুবাদের নাম কী?

(i) The Waterfall

(ii) The Song Offerings

(iii) A Glossary of Literary Terms

(iv) The Broken Heart

(চ) ‘মুক্তধারা’ নাটকে যন্ত্রের প্রতীক হিসেবে কী ব্যবহৃত হয়েছে?

(i) জলধারা

(ii) বাঁধ

(iii) বরনা

(iv) নদী

(ছ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের পরিচ্ছেদ সংখ্যা হল

(i) ১৮

(ii) ১৯

(iii) ২০

(iv) ১৫

(জ) নিখিলেশের মাস্টার মশাইয়ের নাম ছিল

(i) শিবনাথ বাবু

(ii) শিবদাস বাবু

(iii) চন্দ্রনাথ বাবু

(iv) চন্দ্রনাথ সরকার

(ঝ) 'ঘরে বাইরে' উপন্যাসটি প্রকাশিত হয়

(i) ১৯১৪ খ্রিষ্টাব্দে

(ii) ১৯২০ খ্রিষ্টাব্দে

(iii) ১৯১৬ খ্রিষ্টাব্দে

(iv) ১৯১০ খ্রিষ্টাব্দে

(ঞ) শূন্যস্থান পূরণ করো :

কেমনে পশিল গুহার আধারে _____।

(i) প্রভাতের গান

(ii) পৃথিবীর গান

(iii) আবেগের গান

(iv) প্রভাতপাখির গান

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে কোনো পাঁচটি)

২×৫=১০

(ক) 'চিত্রা' কবিতাটি কত সালে লেখা হয় এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(খ) 'সোনার তরী' কবিতার উল্লিখিত মাস ও ঋতুর নাম লেখো।

(গ) 'ঘরে বাইরে' উপন্যাসে বর্ণিত দুজন পৌরাণিক নারী চরিত্রের নাম লেখো।

(ঘ) 'ঘরে বাইরে' উপন্যাসটি কবে এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(ঙ) নিখিলেশের পিসতুতো বোন ও তার স্বামীর নাম লেখো।

(চ) 'মুক্তধারা' নাটকের ইংরেজি অনুবাদটি কবে এবং কোন্ পত্রিকায় প্রকাশ হয়?

(ছ) কোন্ তিথিতে ভৈরব মন্দিরে আরতি হবে? যন্ত্রবিভূতি কত বছর ধরে বাঁধ নির্মাণের কাজ করছিল?

৩। নিম্নলিখিত যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : $5 \times 6 = 30$

- (ক) 'মুক্তধারা' নাটকের প্রেক্ষাপট সংক্ষেপে আলোচনা করো।
- (খ) "যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্বরে,
সব সংগীত গেছে ইঙ্গিতে থামিয়া"
— ব্যাখ্যা করো।
- (গ) 'যেতে নাহি দিব' কবিতায় ছোট মেয়েটির যে মনোভাব
ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) টীকা লেখো : মেঝো-জা
- (ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসে অমূল্য চরিত্রটি আলোচনা করো।
- (চ) 'ঘরে বাইরে' উপন্যাসে চন্দ্রনাথ বাবুর ভূমিকা সম্পর্কে
আলোচনা করো।
- (ছ) 'মুক্তধারা' নাটকে অভিজিৎ চরিত্রটি সংক্ষেপে আলোচনা
করো।
- (জ) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতায় কবির যে চিন্তার প্রতিফলন
ঘটেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঝ) টীকা : যন্ত্রবিভূতি

(এ) ঠাই নাই, ঠাই নাই, ছোট সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

৪। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- (ক) 'সোনার তরী' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুরের যে চিন্তার
প্রতিফলন ঘটেছে তা আলোচনা করো।
- (খ) 'মুক্তধারা' নাটকে নামকরণের সার্থকতা সম্পর্কে তোমার
অভিমত তুলে ধরো।
- (গ) 'ঘরে বাইরে' উপন্যাসের বিমলা চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) 'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগীর চরিত্রের সার্থকতা
আলোচনা করো।

৫। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : $18 \times 1 = 18$

- (ক) 'মুক্তধারা' নাটকে সংগীতের প্রয়োজনীয়তা সম্পর্কে
আলোচনা করো।
- (খ) শাজাহান কবিতার বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করো।
- (গ) 'ঘরে বাইরে' উপন্যাসে ত্রিকোণ প্রেমের যে চিত্র অঙ্কিত
হয়েছে তা বিস্তারিত আলোচনা করো।

